গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-২১/২০১৯-২০২০

ঢাকা, ২৫ জুলাই বৃহস্পতিবার ২০১৯, ১০ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। গুজব প্রতিরোধে ও ডেঙ্গু মশা নির্মূলে সামাজিক আন্দোলন গড়ে তুলুন : প্রধানমন্ত্রী
২। মশা মারার কার্যকর ওষুধ শীঘ্রই আসছে : সেতুমন্ত্রী
৩। গুজব সৃষ্টিকারীদের কঠোরভাবে দমন করা হবে : কৃষিমন্ত্রী
৪। গুজবে কান না দিতে দেশবাসীর প্রতি তথ্যমন্ত্রীর আহ্বান
৫। ভ্যাট আদায়ে এক লাখ ইএফডি মেশিন কেনা হবে : অর্থমন্ত্রী
৬। বর্জ্য ব্যবস্থাপনায় চাই মহাপরিকল্পনা : স্থানীয় সরকার মন্ত্রী
৭। আগামী সেপ্টেম্বর থেকে রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু হতে পারে : পররাষ্ট্রমন্ত্রী
৮। ঈদুল আজহার আগে পণ্যের মূল্য স্থিতিশীল রাখতে বাজার মনিটরিংয়ে রাখা হবে : বাণিজ্যমন্ত্রী
৯। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের ঠিকাদারি কাজে দুর্নীতির সঙ্গে ৩৪ কর্মকর্তা জড়িত : গণপূর্তমন্ত্রী
১০। 'রাসায়নিক দুর্যোগ-দুর্ঘটনায় হাসপাতালগুলোর প্রস্তুতি' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার সমাপনীতে স্বাস্থ্যমন্ত্রী
১১। প্রবৃদ্ধি অর্জনের দিক থেকে বাংলাদেশ বিশ্বে মডেল : এডিবি
১২। জাতীয় সামাজিক নিরাপত্তা ও সরকারি আর্থিক ব্যবস্থাপনায় ১৪ কোটি ইউরো দিচ্ছে ইইউ
১৩। সাভারে বঙ্গবন্ধুর ম্যুরাল নির্মাণ করা হচ্ছে : ত্রাণ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। গুজব প্রতিরোধে ও ডেঙ্গু মশা নির্মূলে সামাজিক আন্দোলন গড়ে তুলুন : প্রধানমন্ত্রী

গুজব ছড়ানো এবং ডেঙ্গুর বিস্তার রোধে সমাজের সকল শ্রেণী পেশার মানুষকে একত্রিত করে কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেছে প্রধানমন্ত্রীর কার্যালয় (পিএমও)। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে গতকাল (২৪ জুলাই বুধবার) তাঁর তেজগাঁওয়ের কার্যালয়ে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় এবং দফতরকে নিয়ে অনুষ্ঠিত এ সংক্রান্ত এক সমন্বয় সভায় এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনার পাশাপাশি দেশব্যাপী চলমান বন্যা পরিস্থিতি মোকাবিলায় বিভিন্ন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। সরকারি সফরে যুক্তরাজ্যের লন্ডনে অবস্থানকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের সার্বিক পরিস্থিতির ওপর সার্বক্ষণিক দৃষ্টি রাখার পাশাপাশি প্রয়োজনীয় নির্দেশনাও দিয়ে যাচ্ছেন। পিএমও এ সময় ঢাকা উত্তর এবং দক্ষিণ সিটি কর্পোরেশনকে ডেঙ্গু প্রতিরোধে তাদের মশক নিধন অভিযানকে জোরদার করার আহ্বান জানায়। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২)।

২। মশা মারার কার্যকর ওষুধ শীঘ্রই আসছে : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ডেঙ্গু জ্বরের প্রকোপ ভয়াবহ রূপ নিয়েছে। শীঘ্রই পার্শ্ববর্তী দেশ থেকে মশা মারার কার্যকর ওষুধ আনতে স্বাস্থ্যমন্ত্রীকে বলা হয়েছে। গতকাল (২৪ জুলাই বুধবার) সচিবালয়ে ঈদুল আজহার প্রস্তুতি, বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়ক সংস্কার ও সমসাময়িক ইস্যুতে আয়োজিত সংবাদসম্মেলনে তিনি এ কথা বলেন। বন্য পরিস্থিতি সামগ্রিকভাবে উন্নতির দিকে থাকলেও কিছু কিছু জায়গায় অবনতি ঘটছে জানিয়ে ওবায়দুল কাদের বলেন, মধ্যাঞ্চলে আরো প্লাবনের অবস্থা রয়েছে। হাইওয়ে ছাড়া জেলা সড়কগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে। ঈদের এক সপ্তাহ আগে বন্যায় ক্ষতিগ্রস্ত সড়কগুলো মেরামতের কাজ সম্পন্ন করার নির্দেশনা দিয়েছি। জেলা সড়ক নিয়ে চিন্তা করছি। ইতিমধ্যে মন্ত্রণালয় থেকে একটি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি রাস্তাঘাটগুলোর সংস্কারকাজ তদারকি করবে। এবার বন্যার কারণে ঘরে ফেরা মানুষের ঈদযাত্রা যাতে ব্যাহত না হয়, সেদিকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৩। গুজব সৃষ্টিকারীদের কঠোরভাবে দমন করা হবে : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, যারা নানা রকম গুজব ছড়িয়ে দেশকে অস্থিতিশীল করতে চাচ্ছে, জনগণকে সঙ্গে নিয়ে তাদের কঠোরভাবে দমন করা হবে। গতকাল (২৪ জুলাই বুধবার) বঙ্গবন্ধু অ্যাভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে কৃষিমন্ত্রী আরো বলেন, আমরা মানবতায় বিশ্বাস করি। ধর্মান্ধতা এখানে নেই। তিনি আরো বলেন, দেশের বিভিন্ন স্থানে বন্যা মোকাবিলায় আমরা টিমভিত্তিক কাজ করছি, মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করছি। বানভাসি মানুষের পাশে আমরা আছি, এটা জানান দেওয়ার চেষ্টা করছি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩)।

৪। গুজবে কান না দিতে দেশবাসীর প্রতি তথ্যমন্ত্রীর আহ্বান

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, ছেলেধরা গুজবের সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করছে। ইতোমধ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ৪৪ জনকে গ্রেফতার করে আইনের আওতায় এনেছে। তিনি গুজবে কান না দিতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেন, এখন পর্যন্ত ছেলেধরার একটি ঘটনাও সত্য নয়। গতকাল (২৪ জুলাই বুধবার) সচিবালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে তথ্যমন্ত্রী আরো বলেন, সাংবাদিক-কর্মচারীদের জন্য গঠিত নবম ওয়েজ বোর্ডের রোয়েদাদ বাস্তবায়নের বিষয়টি আজ (২৫ জুলাই বৃহস্পতিবার) মন্ত্রিসভা কমিটির সভায় চূড়ান্ত হবে। চূড়ান্ত সিদ্ধান্ত হওয়ার পর সেটি মন্ত্রিসভায় পাঠানো হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

৫। ভ্যাট আদায়ে এক লাখ ইএফডি মেশিন কেনা হবে : অর্থমন্ত্রী

ভ্যাট আদায়ের জন্য চলতি অর্থবছরে এক লাখ ইলেক্ট্রনিক ফিসকেল ডিভাইস (ইএফডি) মেশিন কিনবে সরকার। প্রতিটি মেশিনের মূল্য নির্ধারণ করা হয়েছে ৩২ হাজার টাকা। এতে ব্যয় হবে ৩২০ কোটি টাকা। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে গতকাল (২৪ জুলাই বুধবার) প্রস্তাবটি অনুমোদন দেয়া হয়। অর্থমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রিপরিষদ সম্মেলনকক্ষে ঐ বৈঠক শেষে সংক্ষিপ্ত ব্রিফিংয়ে সাংবাদিকদের অর্থমন্ত্রী বলেন, দেশে ভ্যাট আইন বাস্তবায়ন হয়েছে। অর্থমন্ত্রী আরও বলেন, আগামী ২ বছরের মধ্যে মোট ২ লাখ মেশিন কেনা হবে। এসব মেশিন স্থাপনের পর ভ্যাট আদায়ের জন্য আউট সোর্সিংয়ের মাধ্যমে লোকবল নেয়া হবে। তাদের প্রশিক্ষণ দেয়া হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১)।

৬। **বর্জ্য ব্যবস্থাপনায় চাই মহাপরিকল্পনা : স্থানীয় সরকার মন্ত্রী**

অপরিকল্পিত বর্জ্য ব্যবস্থাপনা বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের বড় বাধা। বর্জ্য ব্যবস্থাপনায় দরকার একটি মহাপরিকল্পনা প্রণয়ন করা। এতে উন্নয়ন সহযোগীদের আর্থিক সহায়তার প্রয়োজন হবে। একইসঙ্গে নদনদী রক্ষায় উন্নয়ন সহযোগীদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকারমন্ত্রী তাজুল ইসলাম। গতকাল (২৪ জুলাই বুধবার) এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) আয়োজিত দু'দিনব্যাপী সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী এ আহ্বান জানান। মন্ত্রী বলেন, বর্তমান সরকার গ্রামের মানুষের জন্য সুপেয় পানির ব্যবস্থা, স্বাস্থ্যসেবা, শিক্ষার উন্নত পরিবেশ এবং ইউনিয়ন থেকে উপজেলার সঙ্গে উন্নত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করেছে। এখন আমাদের অন্যতম চ্যালেঞ্জ সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬)।

৭। **আগামী সেপ্টেম্বর থেকে রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু হতে পারে : পররাষ্ট্রমন্ত্রী**

গতকাল (২৪ জুলাই বুধবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেস ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন জানান, আগামী সেপ্টেম্বর থেকে রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু হতে পারে। নিউইয়র্কে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে সাক্ষাৎকালে জাতিসংঘ মহাসচিব রোহিঙ্গা সংকট মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করেছেন বলে মন্ত্রী জানান। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য সফর শেষে দেশে ফিরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের তিনি আরো বলেন, তিনি নিজেও যুক্তরাষ্ট্র সরকার আয়োজিত ধর্মীয় স্বাধীনতাবিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিয়েছিলেন। বাংলাদেশ সরকারের পক্ষে সেখানে চারজন প্রতিনিধি ছিলেন। তবে প্রিয়া সাহা সরকারি প্রতিনিধি দলে ছিলেন না। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ,ক.৬)।

৮। **ঈদুল আজহার আগে পণ্যের মূল্য স্থিতিশীল রাখতে বাজার মনিটরিংয়ে রাখা হবে : বাণিজ্যমন্ত্রী**

গতকাল (২৪ জুলাই বুধবার) বাণিজ্য মন্ত্রণালয়ে ঈদুল আজহার আগে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল রাখা এবং গবাদিপশু পরিবহণ বিষয়ে অংশীজনদের নিয়ে আয়োজিত সভায় বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেন, বাজার নিয়মিত মনিটরিংয়ে রাখা হবে। বাণিজ্য মন্ত্রণালয়ের টিম এ কাজ করবে। যেখানে সহায়তা দরকার, করা হবে। আবার ব্যবসায়ীরা অন্যায় করলে তার বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। দরকার পড়লে সরকার ভর্তুকি দেবে, কিন্তু সাধারণ মানুষ যেন সহনীয় দামে পণ্য পায়। ব্যবসায়ীদের উদ্দেশে বাণিজ্যমন্ত্রী বলেন, যার যার অবস্থান থেকে চেষ্টা করবেন, যাতে জিনিসপত্রের দাম আসন্ন ঈদে সহনীয় থাকে। এটা আপনাদের নৈতিক দায়িত্বও বটে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

৯। **রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের ঠিকাদারি কাজে দুর্নীতির সঙ্গে ৩৪ কর্মকর্তা জড়িত : গণপূর্তমন্ত্রী**

পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের ঠিকাদারি কাজে নানা অনিয়ম ও দুর্নীতির সঙ্গে সরকারের ৩৪ কর্মকর্তা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত। এদের মধ্যে গুরুতর অভিযোগের কারণে ১৬ জনকে সাময়িক বরখাস্ত ও একইসঙ্গে বিভাগীয় মামলা দায়ের করা হবে। এছাড়া বাকি ১০ কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করা হবে। এছাড়া দুর্নীতিতে জড়িত ২ ঠিকাদারি প্রতিষ্ঠান অতিরিক্ত মোট ছত্রিশ কোটি চল্লিশ লাখ নয় হাজার টাকা নিয়েছে যা তাদের কাছ থেকে উদ্ধার করা হবে বলে জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১) **সমকাল** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

১০ । **'রাসায়নিক দুর্যোগ-দুর্ঘটনায় হাসপাতালগুলোর প্রস্তুতি' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার সমাপনীতে স্বাস্থ্যমন্ত্রী**

বাংলাদেশে প্রথমবারের মতো তিন দিনব্যাপী 'রাসায়নিক দুর্যোগ-দুর্ঘটনায় হাসপাতালগুলোর প্রস্তুতি' শীর্ষক জাতীয় প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল (২৪ জুলাই বুধবার) ঢাকা সেনানিবাসের সম্মিলিত সামরিক হাসপাতালে অনুষ্ঠিত কর্মশালার সমাপনী অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন। এ সময় তিনি বলেন, প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের অর্জিত জ্ঞান রাসায়নিক দুর্যোগ-দুর্ঘটনা পরবর্তী চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অত্যন্ত কার্যকরী হবে। এছাড়া রাসায়নিক দুর্যোগ-দুর্ঘটনায় সংশ্লিষ্ট চ্যালেঞ্জ মোকাবিলায় হাসপাতালসমূহের দক্ষতা বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, স্বাস্থ্য মন্ত্রণালয় এ ব্যাপারে সব ধরনের সহযোগিতা দিবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৪,ক.৫)।

১১। **প্রবৃদ্ধি অর্জনের দিক থেকে বাংলাদেশ বিশ্বে মডেল : এডিবি**

প্রবৃদ্ধি অর্জনের দিক থেকে বাংলাদেশ এখন বিশ্বে 'মডেল' উল্লেখ করে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশ বলেছেন, এশিয়া-প্যাসিফিক অঞ্চলে দ্রুত প্রবৃদ্ধি অর্জনের দেশ হচ্ছে বাংলাদেশ। বর্তমানে বিশ্ব অর্থনীতিতে প্রবৃদ্ধি অর্জন অনেক চ্যালেঞ্জিং, তারপরও বিগত অর্থবছরে বাংলাদেশ ৮ শতাংশের ওপরে প্রবৃদ্ধি অর্জন করেছে। এক্ষেত্রে বাংলাদেশ এখন গোটা বিশ্বে মডেল। তাই আগামীতে যোগাযোগ খাতে এডিবি আরও সহায়তা বাড়াতে চায়। গতকাল (২৪ জুলাই বুধবার) রাজধানীর শেরেবাংলা নগরে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে (বিআইসিসি) দুদিনব্যাপী 'গুড প্রজেক্ট ইমপ্লেমেন্টেশন ফোরাম'র উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭)।

১২। জাতীয় সামাজিক নিরাপত্তা ও সরকারি আর্থিক ব্যবস্থাপনায় ১৪ কোটি ইউরো দিচ্ছে ইইউ

জাতীয় সামাজিক নিরাপত্তা ও সরকারি আর্থিক ব্যবস্থাপনায় বাংলাদেশকে মোট ১৪ কোটি ২০ লাখ ইউরো (১ হাজার ৩শ' ৪৯ কোটি টাকা) অনুদান দিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। এ দুই খাতে ২০২৩-২৪ অর্থবছরের মধ্যে এ অনুদানের টাকা খরচ করা হবে। এর মধ্যে ১ কোটি ইউরো খরচ হবে সরকারি আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন এবং ১৩ কোটি ২০ লাখ ইউরো ব্যয় হবে সামাজিক নিরাপত্তা কার্যক্রমে। গতকাল (২৪ জুলাই বুধবার) রাজধানীর শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে একটি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে স্বাক্ষর করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মনোয়ার আহমেদ এবং ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত রেঞ্জি তেরিং। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

১৩। সাভারে বঙ্গবন্ধুর ম্যুরাল নির্মাণ করা হচ্ছে : ত্রাণ প্রতিমন্ত্রী

গতকাল (২৪ জুলাই বুধবার) সাভারে মুক্তিযোদ্ধা আবুল কাশেম সন্দ্বীপ সড়কের প্রেসক্লাব মোড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণে একটি ম্যুরাল ও ফোয়ারা নির্মাণকাজের উদ্বোধন করেছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান। এখন থেকে এ জায়গাটির নতুন নামকরণ হয়েছে 'বঙ্গবন্ধু চত্বর'। এর আগে উদ্বোধন অনুষ্ঠানে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান বলেন, বাংলাদেশের বিভিন্ন স্থানে জাতির পিতা বঙ্গবন্ধুর ভাস্কর্য ও ম্যুরাল রয়েছে। কিন্তু রাজধানীর এত কাছে থাকা সত্ত্বেও আমাদের এখানে বঙ্গবন্ধুর ভাস্কর্য বা ম্যুরাল ছিল না। আজকে বঙ্গবন্ধুর ম্যুরাল ও ফোয়ারা নির্মাণকাজের উদ্বোধন করা হলো এবং আগামী এক মাসের মধ্যে এর নির্মাণকাজ শেষ করা হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৫,ক.৫)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে এক দিনে রেকর্ডসংখ্যক ৪৭৩ জন ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে উল্লেখ করে এডিস মশা বৃদ্ধির স্থান ধ্বংস করার পাশাপাশি সকলকে নিজেদের বাড়িঘর পরিষ্কার রাখার আহ্বান।

খ. **যুগান্তর, বণিকবার্তা :** ফিটনেস নবায়ন ও এ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ছাড়াই দেশে ৪ লাখ ৭৯ হাজার ৩২০টি গাড়ি চলাচল করছে-আদালতে উপস্থাপন করা বিআরটিএ'র একটি প্রতিবেদনে এ তথ্যের কথা উল্লেখ করে পরিবহণ খাতে শৃঙ্খলা ফেরাতে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

গ. **যায়যায়দিন :** বন্যার কারণে বিপুলসংখ্যক বানভাসি মানুষের দুর্ভোগ এখন চরমে-উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** একাদশ শ্রেণির নকল পাঠ্যপুস্তকে বইয়ের বাজার সয়লাব হয়ে যাওয়ার খবর উল্লেখ করে পাঠ্যবই প্রকাশ ও বাজারজাত নিয়ে এ নৈরাজ্য বন্ধ করার দাবি।

ঙ. **সংবাদ :** পাটপণ্যের অভ্যন্তরীণ চাহিদা আশঙ্কাজনক হারে কমছে উল্লেখ করে পাটখাত রক্ষার আন্তরিক প্রচেষ্টার সুপারিশ।

চ. **নিউজ টুডে :** গুজবের কারণে গণপিটুনি রোধে আইন প্রণয়নকারী সংস্থার কঠোর হস্তক্ষেপ কামনা।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সঠিক পরিকল্পনার অধীনে পরিচালিত একটি সমন্বিত কার্যক্রম অতি দ্রুত বাস্তবায়নের মাধ্যমে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা সম্ভব।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'গুজব থেকে পরিত্রাণ পাওয়ার উপায়'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, পৃথিবীর অনেক দেশে গুজব, অপপ্রচার রোধে উচ্চ গবেষণার ব্যবস্থা আছে-যা আমাদের দেশে চালু হওয়াও জরুরি।

#

ফাহিমা/রিদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/ ৯.০০ঘন্টা